



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/9/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল অ্যাঞ্জেলিনা লিউকে গোয়েন্দা ওয়েনজিয়ান লিউয়ের জেনেটিক সন্তান হিসেবে নিশ্চিতকারী আইনে স্বাক্ষর করেছেন

গোয়েন্দা লিউয়ের সন্তানের অধিকার প্রদানে নিউ ইয়র্ক স্টেটের এস্টেটস, পাওয়ার্স, অ্যান্ড ট্রাস্টস আইন সংশোধিত হল

গভর্নর ক্যাথি হোকল আজকে অ্যাঞ্জেলিনা লিউকে গোয়েন্দা ওয়েনজিয়ান লিউয়ের জেনেটিক সন্তান হিসেবে নিশ্চিত করে এস্টেটস, পাওয়ার্স, অ্যান্ড ট্রাস্টস আইনের জন্য (S.4350-A/A.7028) আইন স্বাক্ষর করলেন।

"অ্যাঞ্জেলিনা এবং ওয়েনজিয়ান লিউয়ের ঘটনাটি বিরল যার জন্য বিশেষ বিবেচনা প্রয়োজন," **গভর্নর হোকল বলেন।** "অ্যাঞ্জেলিনা লিউ তার প্রাপ্য অধিকার পাবে তা নিশ্চিত করতে পেরে আমি গর্বিত এবং আমি আশা করছি এই আইনটি স্বাক্ষর করার মাধ্যমে অ্যাঞ্জেলিনা ও তার পরিবার শান্তিতে গোয়েন্দা লিউকে স্মরণ করতে পারবে।"

20 ডিসেম্বর, 2014 তারিখে নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের (New York Police Department, NYPD) গোয়েন্দা ওয়েনজিয়ান লিউ দায়িত্বে থাকাকালীন অবস্থায় নিজের যানবাহনে খুন হন। 2017 সালে ইন-ভিট্রো ফাটিলাইজেশনের মাধ্যমে গোয়েন্দা লিউয়ের স্ত্রী পেই জিয়া চেন তাদের কন্যা অ্যাঞ্জেলিনাকে জন্ম দেন। এই ক্ষেত্রে, সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন (Social Security Administration) সন্তানটিকে বিবাহ-বহির্ভূত গণ্য করে এবং সন্তানের বায়োলজিক্যাল দশা নির্ণয় করার জন্য স্টেটের আইনের সাহায্য নেয়।

বিলাটি নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক স্টেটের এস্টেটস, পাওয়ার্স, অ্যান্ড ট্রাস্টস আইনের জন্য অ্যাঞ্জেলিনাকে গোয়েন্দা লিউয়ের সন্তান বিবেচনা করা হবে যদিও তার করুণ মৃত্যুর কারণে আইনের চোখে গোয়েন্দা লিউয়ের কন্যাকে তার সন্তান গণ্য করা হওয়ার কথা না।

আইন S.4350-A/A.7028 এর ফলে অ্যাঞ্জেলিনা তার পিতার যথাযথ উত্তরাধিকার হবে যাতে করে সে তার প্রাপ্য সুবিধা, অন্যান্য অধিকার ও বিশেষাধিকার লাভ করতে পারে।

সিনেটর অ্যান্ড্রু গানার্ডেস বলেন, "গোয়েন্দা লিউয়ের পরিবার একটি অবর্ণনীয় ক্ষতির মুখোমুখি হয়েছে, যা স্টেটের সেকলে আইন, যা তার মৃত্যুর পরে জন্ম নেওয়া কন্যাকে তার হিসেবে স্বীকৃতি প্রদান করে না, দ্বারা আরো খারাপ হয়েছে। এই ভুলটিকে ঠিক করতে পেরে

আমি অত্যন্ত গর্বিত এবং আশা করছি লিউ পরিবারকে সান্ত্বনা দেওয়ার জন্য এটি ছোট একটি ব্যবস্থা। আমার আইনে স্বাক্ষর করে গোয়েন্দা লিউয়ের স্মৃতি ও তার অসাধারণ আত্মত্যাগকে সম্মান জানানোর জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলিমেন্সার পিটার অ্যাবেট বলেন, "আমি গভর্নর হোকলকে এই বিলটি স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাতে চাই, যা নিশ্চিত করবে যে গোয়েন্দা ওয়েনজিয়ান লিউয়ের কন্যা আমাদের সম্প্রদায়ের প্রতি তার পিতার আত্মত্যাগ ও সেবার কথা স্মরণ করতে পারবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)